গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৩.২৫.০০১.২৩.৪৮ তারিখ: ১৭-১০-২০২৩ খ্রি:

বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন স্বাক্ষরকারী গত ২৬-০৯-২০২৩ খ্রি. তারিখে টাঙ্গাইল জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় সরেজমিন পরিদর্শন করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

১৭|১০|২০২৩
(ইশরাত জামান)
যুগ্মসচিব
ফোন-২২৩৩৮৭২৫২

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-
০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০২. উপসচিব (জনসংখ্যা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৩. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৪. ফাহমীন খালেক নিপা, সহকারী পরিচালক (সংযুক্ত- এপিএ কার্যক্রম, প্রশাসন-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৫. প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ

## জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল পরিদর্শনের প্রতিবেদন

গত ২৬-০৯-২০২৩খ্রি. তারিখে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল পরিদর্শনকালীন সময়ে কার্যালয়ের উপপরিচালক, পরিবার পরিকল্পনা, টাঙ্গাইলসহ অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। উপজেলা ওয়ারী বিভিন্ন সেবা কেন্দ্রের নরমাল ডেলিভারীর সংখ্যা ও বসবাস উপযোগী সেবা কেন্দ্র এবং মেরামতযোগ্য সেবা কেন্দ্রের তথ্য সর্ম্পকে বিস্স্তারিত আলোচনা হয়।

**কর্মরত ও শূন্য জনবলের তথ্য:** উপপরিচালক(পরিবার পরিকল্পন) শূন্য (সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, উপপরিচালক (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালন করছেন। সহকারী পরিচালক (সিসি); মেডিকেল অফিসার (সিসি); অফিস তত্ত্বাবধায়ক; হিসাব রক্ষক; সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর; অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এবং নিরাপত্তা প্রহরীর পদ যথাক্রমে অনুমোদিত পদের বিপরীতে ০১জন করে শূন্য রয়েছে।

**সমস্যা:** জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল এর নিজস্ব ভূমি এবং ভবন কোনটিই নেই। ১৯৯২ সাল হতে জেলার অফিসের দাপ্তরিক কার্যক্রম ভাড়া করা বাড়ি হতে পরিচালনা করা হচ্ছে। ভাড়া করা বাড়িটি অতি পুরাতন, জরাজীর্ণ এবং সেঁতসেঁতে। আগামী জুন/২০২৪ মাসে বাড়ির মালিকের সাথে অফিস ভাড়া সম্পর্কিত চুক্তির মেয়াদ শেষ হবে। বাড়ির মালিক পুরাতন বাড়িটি পুণ:নির্মাণ করবে মর্মে অফিস অন্যত্র স্থানান্স্তরের জন্য ইতিমধ্যেই নোটিশ প্রদান করেছেন।

জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল এর দাপ্তরিক কার্যক্রম পরিচালনা জন্য বাড়ি ভাড়া ( বাড়ির মালিকের সাথে চুক্তি মোতাবেক) বাবদ প্রতিমাসে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে বরাদ্দ প্রদান করা হয় ।বর্তমানে অফিসের জন্য ব্যবহৃত বাড়িটি জন্য ভাড়া বাবদ নির্ধারিত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকায় টাঙ্গাইল জেলায় অন্যত্র বাড়ি ভাড়া পাওয়া যাবে না।

**জেলা ভবন নির্মাণের উদ্যোগ:** জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইলে নিজস্ব অফিস ভবন নিমার্ণের জন্য জায়গা নেই। নতুন ভবন নির্মাণে জন্য ইতিপূর্বে জেলা প্রশাসনের মাধ্যমে ৩০(ত্রিশ) শতাংশ ভূমি স্থায়ী বন্দোবস্তের জন্য সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর ০২(দুই) বার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ১ম বার জেলা পবিরার পরিকল্পনা কার্যালয়ের জন্য প্রস্তাবিত নির্ধারিত ভূমি ৩০(ত্রিশ) শতাংশের মধ্যে ২০ শতাংশ ভূমি লৌহজং নদীর মধ্যে থাকায় উক্ত ভূমি জেলা কার্যালয় নির্মাণে জন্য স্থায়ী বন্দোবস্ত প্রদান করা যায় নাই। ২য় বার নতুন ভবন নির্মাণের জন্য ২০২২-২৩ অর্থ বছরে জেলা প্রশাসনের মাধ্যমে ৩০(ত্রিশ) শতাংশ ভূমি দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদানের জন্য পুনরায় সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর প্রস্তাব প্রেরণ করা হলেও পরবর্তীতে জেলা প্রশাসন হতে জানানো হয় যে, প্রস্তাবিত ভূমি বন্দোবস্ত দেয়া সম্ভব নয়। ৩য় বার জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নতুন ভবন নির্মাণের জন্য ভূমি বন্দোবস্ত প্রদানের জন্য প্রেরণ করা হলেও অদ্যবধি উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই। উল্লেখ্য যে, ঢাকার নিকটবর্তী জেলা শহর টাঙ্গাইল পৌরসভা বা এর আশে-পাশের ভূমির মূল্য অনেক বেশি।

**পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য**

**জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নতুন ভবনসহ মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য বহুতল ভবন নির্মাণের প্রস্তাব:** টাঙ্গাইল জেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি ১৯৬১ সনে ৪০ (চল্লিশ) শতাংশ ভূমির উপর প্রতিষ্ঠিত হয়। ভবনটি অতি পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় ছাদ দিয়ে পানি চুয়ে পড়ে বিধায় ঝুকিপূর্ণ প্রতিয়মান হয়। জরাজীর্ণ ভবনটি ভেঙ্গে উক্ত জায়গায় জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়সহ মা ও শিশু কল্যাণ কেন্দ্রের বহুতল বিশিষ্ট নতুন ভবন নির্মাণ করা যেতে পারে।

**সুপারিশ:** মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জরাজীর্ণ পুরাতন ভবনটি অকেজো ঘোষণাপূর্বক ভেঙ্গে উক্ত স্থানে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইলের জন্য নতুন অফিস ভবন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য বহুতল বিশিষ্ট নতুন ভবন নির্মাণের জন্য মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

০৭।১০।২০২০

(ইশরাত জামান)
যুগ্মসচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।